

**দৈনিক**  
**ইত্তেফাক**

# চবিতে ছাত্রলীগের গোলাগুলি, সংঘর্ষ আহত ১৩

প্রকাশ : ২৪ ফেব্রুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 চবি সংবাদদাতা

এক ছাত্রলীগ নেতাকে চট্টগ্রাম নগরীর লালখান বাজার থেকে অপহরণ ও মারধরের জের ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে রাতভর সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসময় পাঁচ রাউন্ড গুলি ও চারটি ককটেলের শব্দ পাওয়া যায়। এতে ছাত্রলীগের ১৩ কর্মী আহত হয়েছে। শুক্রবার রাত দেড়টা থেকে ৪টা পর্যন্ত ক্যাম্পাসের শাহ জালাল, শাহ আমানত ও সোহরাওয়ার্দী হলে এ ঘটনা ঘটে। বর্তমানে ক্যাম্পাসে দুই পক্ষের মধ্যে উভেজনা বিরাজ করছে। দুই পক্ষই হলে অবস্থান নিয়েছে।

জানা গেছে, বিবদমান পক্ষ দুটি হলো সিঙ্গুটি নাইন ও উঙ্কা। উভয় পক্ষই সিটি মেয়র আ জ ম নাহিরের অনুসারী হিসেবে ক্যাম্পাসে পরিচিত। তবে আহতরা সবাই সিঙ্গুটি নাইনের কর্মী। আহতদের মধ্যে ধ্রুব, অর্ধব ও অন্য একজনকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বাকিদের বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

সূত্র জানায়, চবি ছাত্রলীগের বিলুপ্ত কমিটির সহ-সভাপতি ও উঙ্কার নেতা গোলাম রসুলকে নগরের লালখান বাজার এলাকা থেকে শুক্রবার অপহরণ করে দুর্ভূত। এর প্রতিবাদে তার অনুসারীরা রাত দেড়টার দিকে বিশ্ববিদ্যালয়ের মূল ফটক বন্ধ করে বিক্ষেভ করেন। তাদের অভিযোগ, সিঙ্গুটি নাইনের নেতাকর্মীরা এই ঘটনার সঙ্গে জড়িত। বিক্ষেভ চলাকালে সিঙ্গুটি নাইনের নেতা-কর্মীরা উঙ্কার নেতা-কর্মীদের ধাওয়া দিয়ে ছত্রভঙ্গ করে দেন। পরে উঙ্কার পক্ষে এসে যোগ দেয় তার্সিটি এক্সপ্রেস ও একাকার নামে আরও দুই সংগঠন। এসময় দুই পক্ষই পাঁচ রাউন্ড গুলি ও চারটি ককটেল ফাটায় এবং একে অপরকে ইট-পাটকেল ও কাচের বোতল নিক্ষেপ করে। এ হাড়া দেশীয় অস্ত্র নিয়ে মহড়া দেয়। পরে পুলিশ ও প্রটেরিয়াল বডির সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। এই ঘটনার জের ধরে গতকাল শনিবার দুপুর ১ টার দিকে সিঙ্গুটি নাইন ধ্রুপের এক কর্মী খাবার থেতে বের হলে উঙ্কা ধ্রুপের কয়েকজন কর্মী ধাওয়া দেয়। পরে আবারও দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া হয়।

চবি মেডিক্যাল সেন্টারের কর্তব্যরত চিকিৎসক ডা. মুহাম্মদ টিপু সুলতান বলেন, আহতদের মধ্যে তিনি জনের মাথায়, চোখে ও হাতে বেশি আঘাত থাকায় তাদের চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। বাকিদের বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রেই চিকিৎসা দেওয়া হয়েছে।

জানতে চাইলে হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বেলাল উদ্দিন জাহাঙ্গীর বলেন, রাতে দুই পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে, তবে আমরা এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনি। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।